



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা

e-mail- controller@rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর : রাশিবো/উমা/১-১০(৩য় খন্ড)/পনি-৪১৬(১০০০)

তারিখ : ১৩/০৩/২০১৯

বিষয় : ২০১৯ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার কেন্দ্রওয়ারী পরীক্ষার্থীদের প্রবেশপত্র বিতরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের বরাতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার কেন্দ্রাধীন প্রতিষ্ঠান সমূহের পরীক্ষার্থীদের প্রবেশপত্র নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী বিতরণ করা হবে।

## জেলাওয়ারী কেন্দ্র সমূহের প্রবেশপত্র বিতরণের তারিখ :

জেলার নাম	বিতরণের তারিখ
১) বগুড়া, পাবনা ও জয়পুরহাট জেলা	১৮/০৩/২০১৯
২) নাটোর, নওগাঁ ও সিরাজগঞ্জ জেলা	১৯/০৩/২০১৯
৩) রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ জেলা	২০/০৩/২০১৯

উল্লিখিত সময়সূচি অনুযায়ী তাঁর কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহের পরীক্ষার্থীদের প্রবেশপত্র এ বোর্ডের তৃতীয় তলা উচ্চ মাধ্যমিক(কক্ষ-৩২০) পরীক্ষা শাখা হতে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে সরবরাহ করা হবে। প্রবেশপত্র গ্রহণের পরের দিনই সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নিকট তাঁদের প্রতিষ্ঠানের শিক্ষাক্ষীদের প্রবেশপত্র হস্তান্তর করতে হবে। এ ব্যাপারে কোনরূপ ব্যতিক্রম ঘটলে অথবা কোন অভিযোগ পাওয়া গেলে স্ব-স্ব কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন। উল্লেখ্য, প্রবেশপত্র হস্তান্তরের সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে কেন্দ্র ফি ব্যতীত অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না। তাঁর কেন্দ্রাধীন কোন প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের পরীক্ষা সংক্রান্ত কোন প্রকার বকেয়া টাকা পাওনা থাকলে প্রবেশপত্র গ্রহণের পূর্বেই তা পরিশোধ করতে হবে, অন্যথায় উক্ত প্রতিষ্ঠানের প্রবেশপত্র সরবরাহ করা হবে না।

উল্লেখ্য অনুমতি ফরম পূরণ না করে/ফি প্রদানের অতিরিক্ত কোন প্রবেশপত্র ইস্যু হয়ে থাকলে কাশিকিলম্ব না করে তা বাতিলের জন্য পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট জমা দিতে হবে এবং কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে লিখিতভাবে অবহিত করতে হবে। এতদ সংক্রান্ত বিষয়ে কোন প্রকার জটিলতা দেখা দিলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এককভাবে দায়ী থাকবেন।

এছাড়া তাঁর কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহে কতটি করে প্রবেশপত্র দেয়া হ'ল তার একটি প্রতিবেদন কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করবেন।

১৪/০৩/১৯

প্রফেসর ড. মো: আনারুল হক প্রাং

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন # ০৭২১-৭৭৬২৩১ (অফিস)

প্রাপক

কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা..... কলেজ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল :

১। জেলা প্রশাসক রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নওগাঁ/নাটোর/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট

২। উপজেলা নির্বাহী অফিসার ..... জেলা .....

৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার..... জেলা .....

৪। অধ্যক্ষ

..... কলেজ, তাঁকে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করে তাঁর প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের প্রবেশপত্র নির্ধারিত সময়ের মধ্যে গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল। প্রবেশপত্রের সংখ্যায় কোনরূপ গরমিল পরিলক্ষিত হলে বিষয়টি পরীক্ষা নিয়ন্ত্রককে লিখিতভাবে অবহিত করতে হবে। তাঁর প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের কোনরূপ বকেয়া পাওনা থাকলে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রবেশপত্র গ্রহণের পূর্বেই বকেয়া টাকা পরিশোধ করতে হবে। অন্যথায় তাঁর প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের প্রবেশপত্র কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে হস্তান্তর করা হবে না। প্রবেশপত্র গ্রহণের পর যাচাই অস্ত্রে কোনরূপ গরমিল দেখা দিলে ২৪/০৩/২০১৯ তারিখের মধ্যে প্রামাণ্য কাগজপত্রসহ প্রতিষ্ঠান প্রধান নিজে উপস্থিত হয়ে পরীক্ষা নিয়ন্ত্রককে লিখিতভাবে অবহিত করবেন। উক্ত তারিখের পর প্রাপ্ত প্রবেশপত্র সংক্রান্ত আবেদন কোনক্রমেই গ্রহণ করা হবে না।

৫। একান্ত সচিব, রাজশাহী শিক্ষা বোর্ড (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)

৬। অফিস নথি।

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উমা)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন # ০৭২১-৭৭ ৫৯ ২১ (অফিস)

১৪/০৩/১৯